গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ**
বহরমপুর, রাজশাহী

## ২০২৫-২০২৬ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ ও হালনাগাদ কমিটির প্রথম প্রান্তিক (জুলাই ২০২৫ হতে সেপ্টেম্বর ২০২৫) সভার কার্যবিবরণী

১। সভাপতি: জনাব মোঃ শামসুল হোদা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা.), বিএমডিএ, রাজশাহী

২। সভার তারিখ: ১১.০৯.২০২৫খ্রি.

৩। সভার সময়: সকাল ১০:০০ টা

৪। স্থান: সভাপতি মহোদয়ের অফিস কক্ষ

৫। উপস্থিতি:

ক) জনাব মোঃ শামসুল হোদা, অতরিক্তি প্রধান প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী

খ) জনাব ড. মোঃ ইকবাল হোসনে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী

গ) জনাব মোঃ মনিরুজ্জামান মনির, নির্বাহী প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী

ঘ) জনাব মোঃ আশরাফুল ইসলাম, মনিটরিং অফসার (অ.দা), বিএমডিএ, রাজশাহী

ঙ) জনাব এ.কে.এম. ওবায়দুল্লাহ, নির্বাহী প্রকৌশলী (চ.দা), বিএমডিএ, রাজশাহী

৬। আলোচনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের বিভিন্ন দিক তুলে ধরার জন্য কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মনিরুজ্জামান মনির, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী-কে আহ্বান করেন। জনাব মোঃ মনিরুজ্জামান মনির ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির, নির্বাহী প্রকৌশলী, কমিটিকে জানান যে, বিএমডিএ-এর চলতি (প্রথম প্রান্তিক) প্রান্তিকে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। চলতি মাসের ৩০ তারিখের মধ্যেই ওয়েব সাইটে আপলোড করা হবে। | বিএমডিএ-এর সিটিজেন চার্টার প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে এবং হালনাগাদকৃত তথ্য সম্বলিত সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে এবং ওয়েব সাইটে ৩০ শে সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যেই আপলোড করতে হবে। | মোঃ মনিরুজ্জামান মনির<br>নির্বাহী প্রকৌশলী<br>বিএমডিএ<br>রাজশাহী |
| ২। | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির কমিটিকে জানান যে, বিএমডিএ-এর সেবা প্রদান প্রতশ্রিুতি তদারকীর মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ বিষয়ে গত ০৩.০৯.২০২৫ তারিখ নওগাঁ-১ রিজিয়ন দপ্তর পরিদর্শন করা হয় এবং যথাযথভাবে সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সকল দিক নির্দেশনা প্রদান করা হয়। | বিএমডিএ, নওগাঁ-১ রিজিয়ন দপ্তর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট রিজিয়ন দপ্তরে যে সিটিজেন চার্টার টাংগানো ছিল তা ছিড়ে জীর্ণ হয়ে গেছে। সিটিজেন চার্টার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসহ জোন দপ্তরের সাথে আলোচনা করা হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাকরণের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। চলতি প্রান্তিকে সংশ্লিষ্ট রিজিয়নের স্ব-স্ব জোন দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণসহ উপকারভোগীগণ যেন সহজে তাদের সেবা প্রাপ্তির বিষয়টি দেখতে পান এমন স্থানে টাংগানোর জন্য পরামর্শ প্রদান করা হয় | মোঃ মনিরুজ্জামান মনির<br>নির্বাহী প্রকৌশলী<br>বিএমডিএ<br>রাজশাহী |

২৪/০৯/২০২৫

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | এবং তাঁর অধীনস্থ জোন দপ্তরে প্রতি প্রান্তিকে পরিদর্শন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | |
| ৩। | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | মোঃ মনিরুজ্জামান মনির কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা অত্র দপ্তর স্মারক নং-৬৭২১ তারিখ-০৮.০৯.২০২৫ মোতাবেক আগামী ১৫.০৯.২০২৫ তারিখে Zoom Platform এর মাধ্যমে সভা করার জন্য পত্র জারি করা হয়। | আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সভা করার বিষয়ে অত্র দপ্তর স্মারক নং-৬৭২১ তারিখ-০৮.০৯.২০২৫ মোতাবেক আগামী ১৫.০৯.২০২৫ তারিখে Zoom Platform করার তারিখ বিকাল ৩:৩০ টার সময় সভা সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। | মোঃ মনিরুজ্জামান মনির<br>নির্বাহী প্রকৌশলী<br>বিএমডিএ<br>রাজশাহী |
| ৪। | [২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা /কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন | মোঃ মনিরুজ্জামান মনির কমিটিকে জানান যে, বিএমডিএ-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর/সংস্থার কর্মকর্তা /কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজনের জন্য একটি লক্ষ্যমাত্রা আছে। | সভায় বিস্তারিত আলোচনা শেষে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ নিজ দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের লক্ষ্যমাত্রানুযায়ী আগামী তৃতীয় প্রান্তিকে সু-সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে (ফোকাল পারসন) পরামর্শ প্রদান করা হয়। | মোঃ মনিরুজ্জামান মনির<br>নির্বাহী প্রকৌশলী<br>বিএমডিএ<br>রাজশাহী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার আহ্বায়ক মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

11.09.25

(মোঃ মনিরুজ্জামান মনির)
নির্বাহী প্রকৌশলী
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি

11.09.2025

(এ.কে.এম. ওবায়দুল্লাহ)
নির্বাহী প্রকৌশলী (চ.দা.)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি

১১.০৯.২০২৫

(মোঃ আশরাফুল ইসলাম)
মনিটরিং অফিসার (অ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি

১১/০৯/২০২৫

(ড. মোঃ ইকবাল হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য-সচিব, সিসি পরিবীক্ষণ কমিটি

১১/০৯/২০২৫

(মোঃ শামসুল হোদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
আহ্বায়ক, সিসি পরিবীক্ষণ কমিটি